

া সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২. নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম (নবী হিসেবে) প্রেরিত হওয়ার পূর্ববর্তী (আসমানী) কিতাবসমূহে লিখিত নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের গুণাবলী

بَابِ صِفَةِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الْكُتُبِ قَبْلَ مَبْعَتِهِ

আরবী

أَخْبَرَنَا زَيْدُ بْنُ عَوْفٍ، قَالَ: حَدَّثَنَا أَبُو عَوَانَةَ، عَنْ عَبْدِ الْمَلِكِ بْنِ عُمَيْرٍ، عَنْ ذَكْوَانَ أَبِي صَالِحٍ، عَنْ كَعْب: " فِي السَّطْرِ الْأَوَّلِ: مُحَمَّدٌ رَسُولُ اللَّهِ، عَبْدِي الْمُخْتَارُ، لَا فَظُّ، وَلَا عَلِيظٌ، وَلَا صَخَّابٌ فِي الْأَسْوَاقِ، وَلَا يَجْزِي بِالسَّيِّئَةِ السَّيِّئَةِ، وَلَكِنْ يَعْفُو وَيَغْفِرُ، مَوْلِدُهُ عَلِيظٌ، وَلَا صَخَّابٌ فِي الْأَسْوَاقِ، وَلَا يَجْزِي بِالسَّيِّئَةِ السَّيِّنَةِ، وَلَكِنْ يَعْفُو وَيَغْفِرُ، مَوْلِدُهُ بِمَكَّةَ، وَهِجْرَتُهُ بِطَيْبَةَ، وَمُلْكُهُ بِالشَّامِ، وَفِي السَّطْرِ التَّانِي: مُحَمَّدٌ رَسُولُ اللَّهِ، أُمَّتُهُ الْحَمَّادُونَ يَحْمَدُونَ اللَّهَ فِي السَّرَّاءِ وَالضَّرَّاءِ، يَحْمَدُونَ اللَّهَ فِي كُلِّ مَنْزِلَةٍ، وَيُكَبِّرُونَه الْحَمَّادُونَ يَحْمَدُونَ اللَّهَ فِي كُلِّ مَنْزِلَةٍ، وَيُكَبِّرُونَه عَلَى كُلِّ شَرَف، رُعَاةُ الشَّمْسِ يُصَلُّونَ الصَّلَاةَ إِذَا جَاءَ وَقْتُهَا وَلَوْ كَانُوا عَلَى رَأْسِ عَلَى كُلِّ شَرَف، رُعَاةُ الشَّمْسِ يُصَلُّونَ الصَّلَاةَ إِذَا جَاءَ وَقْتُهَا وَلَوْ كَانُوا عَلَى رَأْسِ كُنُاسَةٍ، وَيَأْتَرِرُونَ عَلَى أَوْسَاطِهِمْ، وَيُوضَبِنُونَ أَطْرَافَهُمْ، وَأَصْوَاتُهُمْ بِاللَّيْلِ فِي جَوِّ السَّمَاءِ كَأَصْوَاتُهُمْ بِاللَّيْلِ فِي جَوِّ السَّمَاءِ كَأَصْوَاتِ النَّحْل

إسناده فيه زيد بن عوف وهو متروك وقد اتهمه أبو زرعة بالسرقة . وهو موقوف على

বাংলা

৭. কা'ব হতে বর্ণিত: (তাওরাতের) প্রথম লাইনে/অনুচ্ছেদে লেখা রয়েছে: মুহাম্মাদ আল্লাহর রাসূল, আমার নির্বাচিত বান্দা, তিনি কঠোর স্বভাবের ও নির্দয় হবেন না; আর হাটে-বাজারে শোরগোলকারীও হবেন না; তিনি মন্দ আচরণের প্রতিদানে মন্দ আচরণ করবেন না, বরং তিনি ক্ষমা ও মার্জনা করবেন। আর তাঁর জন্ম হবে মঞ্চায় ও তিনি ত্বয়্যিবায় (মদীনায়) হিজরত করবেন এবং তাঁর রাজ্য পৌঁছবে শাম দেশ পর্যন্ত।

দ্বিতীয় লাইনে/অনুচ্ছেদে লেখা রয়েছে: মুহাম্মাদ সা আল্লাহর রাসূল, আর তাঁর উম্মত মহান আল্লাহ'র অধিক



হামদ্ (প্রশংসা) বর্ণনাকারী, তারা সুখে-দুঃখে সর্বাবস্থায় আল্লাহ'র প্রশংসা করবে, আর তারা সকল অবতরণস্থলেই আল্লাহ'র প্রশংসা করবে। প্রত্যেক উচ্চ ভূমিতে (আরোহণ কালে) তাকবীর (আল্লাহর বড়ত্ব/আল্লাহু আকবার) উচ্চারণকারী হবে। সূর্যের প্রতি লক্ষ্ম রেখে সালাতের ওয়াক্ত হওয়া মাত্র তারা সালাত আদায় করবে, এমনকি যদিও তারা ময়লা-আবর্জনার স্থানের চূড়ায়ও থাকে। তারা 'ইযার' বা তহবন্দ (এর নিম্নাংশ) তাদের (পায়ের গোছার) মাঝ বরাবর পরিধান করবে। তারা তাদের অঙ্গসমূহ (ধুয়ে) ওযু করবে। রাতে আকাশ পরিমণ্ডলে তাদের (সালাতে দাঁড়িয়ে কান্নার) আওয়াজ হবে মৌমাছির গুণগুণ আওয়াজের মত।[1]

ফুটনোট

[1] তাহক্কীক্ক: এর সনদে যাইদ ইবনু আউফ রয়েছে। সে মাতরূক বা পরিত্যক্ত ।

এবং পূর্ববর্তী ৫ নং হাদীস দ্রষ্টব্য।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন